দৈনিক ইত্তেফাক

তারিখ ..25 AUG 1987.......
পৃষ্ঠা... ...3... কলাম 5 ......

065

# ঢাকা ভার্সিটি খোলার প্রশ্নে আলোচনা

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে কর্তৃপক্ষ গত রবিবার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সহিত এক বৈঠকে মিলিত হন। ভিসি প্রফেসর আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার পাশাপাশি যে কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ রাখা হইয়াছে, উহার নিরসনের দাবী জানান। এ ব্যাপারে শিক্ষা পরিবেশ পরিষদের গৃহীত নীতিমালা অনুযায়ী কর্তৃপক্ষকে পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানানো হয়। বিকাল সাড়ে চারটায় প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে প্রো-ভিসি ডঃ এমাজ উদ্দিন আহম্মদ, প্রকটর, রেজিষ্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ বিশ্ববিদ্যালয়ের কয়েকজন কর্মকর্তা উপস্থিত ছিলেন। বৈঠকে স্থগিত সকল পরীক্ষা গ্রহণের ব্যাপারেও আলোচনা করা হয়।